গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

# জানুয়ারি/২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবু সাঈদ<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২৯/০১/২০২৬ খ্রি |
| সভার সময় | বৃহস্পতিবার, দুপুর ২:৩০ টা |
| স্থান | আইসিটি অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ |

সভাপতি সভার শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।সভাপতির অনুমতিক্রমে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**১। প্রশাসন ও সেবা শাখা:**

<table>
<tr><th>ক্রম.</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td>২০২৫-২৬ অর্থবছরের গৃহীত প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি:
<table>
<tr><th>ক্রম.</th><th>কার্যক্রম</th><th>লক্ষ্যমাত্রা ১০০%</th><th>জুলাই ২০২৫ থেকে জুন ২০২৬ পর্যন্ত অর্জন</th><th>দায়িত্বপ্রাপ্ত শাখা</th></tr>
<tr><td>১।</td><td>Public Procurement Act and Rules (eGP and Ibas++ and Audit)</td><td></td><td>General Financial Rules (GFR), পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫, এবং e-Return বিষয়ক প্রশিক্ষণ অনলাইনে (ভার্চুয়াল) মোট ২৪ (চব্বিশ)টি ব্যাচের অনুমোদন নেওয়া হয়েছে। ইতোমধ্যে ১৮ টি ব্যাচে ২৫ জন করে ৪৫০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।</td><td>অর্থ শাখা</td></tr>
<tr><td>২।</td><td>অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বুনিয়াদি/দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন</td><td>১ টি ব্যাচ</td><td>১২ মে ২০২৫ তারিখ হতে আইসিটি অধিদপ্তরের ২৫ জন কর্মকর্তার সমন্বয়ে বাংলাদেশ লোক- প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) তে ১৯ তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হয়েছে । এ সংক্রান্ত সমন্বয় বিলও প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে বাকী ১টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম বাজেট প্রাপ্তি সাপেক্ষে আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।</td><td>প্রশাসন শাখা</td></tr>
</table>
</td><td>১। লক্ষ্যমাত্রা অর্জনে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>১। সংশ্লিষ্ট শাখা প্রধানগণ<br>২। সহকারী প্রোগ্রামার (প্রশাসন)</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | Freelancing ToT (Grafics Design with AI) ও Freelancing ToT (digital marketing) বিষয়ক প্রশিক্ষণ | ৪৬০ জন | Freelancing ToT (Grafics Design with AI) এর ০৮ টি ব্যাচে ২০ জন করে ১৬০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ও Freelancing ToT (digital marketing) এর ০৭ টি ব্যাচে ২০ জন করে ১৪০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | পরিকল্পনা ও উন্নয়ন শাখা |
| ৪। | Training on VAPT/Penetration Testing বিষয়ক প্রশিক্ষণ | ১২০ জন | ০৬টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | সিস্টেম ও প্রশিক্ষণ শাখা |
| ৫। | Operation & maintanace বিষয়ক প্রশিক্ষণ | ১০০ জন | ০৩ টি ব্যাচে ২০ জন করে ৬০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>০২টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম বাজেট প্রাপ্তি সাপেক্ষে খুব শীঘ্রই শুরু করা হবে। | সিস্টেম ও প্রশিক্ষণ শাখা |

এছাড়াও গুরুত্বপূর্ণ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণের মডিউল/প্রশিক্ষণসূচি তৈরি করা হচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| | **নিয়োগ বিধিমালা ও সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণঃ**<br><br>১। আইসিটি অধিদপ্তরের নিয়োগ বিধিমালায় মহাপরিচালক পদকে গ্রেড-২ থেকে গ্রেড-১ এ উন্নীতকরণের | ১। আইসিটি অধিদপ্তরেরর নিয়োগ | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| | নিমিত্ত বেতনস্কেল যাচাই/ভেটিংয়ের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের গত ০২/০৭/২০২৪ তারিখের ৫৬.০০.০০০০.০৫৪.১১.০০১.১৭-৫৪ নং স্মারক এবং ইনস্ট্রাক্টর ও লাইব্রেরিয়ান পদ যুক্তকরণের নিমিত্ত বেতন গ্রেড নির্ধারণের জন্য ০২/০৭/২০২৪ তারিখের ৫৬.০০.০০০০.০৫৪.১১.০০১.১৭-৫৩ নং স্মারকে আইসিটি বিভাগ থেকে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।<br>আইসিটি বিভাগ থেকে গত ২৪/১২/২০২৪ তারিখে ৫৬.০০.০০০০.০৫৪.১১.০০১.১৭.১১৭ নং স্মারকে অত্র অধিদপ্তরে একটি পত্র পাঠানো হয়েছে। আলোচ্য পত্রে ইনস্ট্রাক্টর ও লাইব্রেরিয়ান পদ যুক্তকরণের নিমিত্ত বেতন গ্রেড নির্ধারণের জন্য অর্থ বিভাগ থেকে প্রয়োজনীয় তথ্য চাওয়া হয়েছে। এই সংক্রান্ত একটি পত্র প্রয়োজনীয় তথ্যসহ গত ২৩/০২/২০২৫ তারিখে ৫৬.০৪.০০০০.০০০.০০৮.১৫.০০০১.২১.১১৭৮ নং স্মারকে আইসিটি বিভাগে প্রেরণ করা হয়েছে। আইসিটি বিভাগ থেকে ০৬/০৩/২০২৫ তারিখের ৫৬.০০.০০০০.০০০.০৫৪.১১.০০০১.১৭.৩৭ নং স্মারকে অর্থ বিভাগের চাহিত তথ্যসহ একটি পত্র প্রেরণ করা হয়েছে। আইসিটি বিভাগ ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br><br>২. আইসিটি অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো পুনঃগঠন ও নিয়োগ বিধিমালা সংশোধনপূর্বক খসড়া প্রস্তুত করা হয়েছে এবং এই বিষয়ে অধিকতর পর্যালোচনার জন্য অতিরিক্ত মহাপরিচালককে প্রধান করে একটি কমিটি গঠন করা হয় এবং ০৪/০৮/২০২৫ তারিখে ১ম সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে মহাপরিচালক এর নির্দেশনা প্রেক্ষিতে গত ২৭/০৮/২০২৫ তারিখে ৫৬.০৪.০০০০.০০০.০০৮.০৬.০০০৪.১৯.১৯২০ নং স্মারকে কমিটি পুনঃগঠন করা হয়। মিজ মাসুদা আক্তার (উপসচিব), পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কে প্রধান করে গত ২৫/১১/২০২৫ তারিখে ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৯৯.০০০১.২০.২ স্মারকমূলে সাংগঠনিক কাঠামো কমিটি পুনঃগঠন করা হয়। | বিধিমালায় মহাপরিচালক পদকে গ্রেড-২ থেকে গ্রেড-১ এ উন্নীতকরণের নিমিত্ত বেতনস্কেল যাচাই/ভেটিংয়ের জন্য এবং ইনস্ট্রাক্টর ও লাইব্রেরিয়ান পদ যুক্তকরণের নিমিত্ত আইসিটি বিভাগ ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>২। আইসিটি অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো পুনঃগঠন ও নিয়োগ বিধিমালা সংশোধনপূর্বক খসড়া মহাপরিচালক-এর নিকট দাখিল করতে হবে এবং এই বিষয়ে অধিকতর পর্যালোচনার জন্য মিজ মাসুদা আক্তার (উপসচিব), পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কে প্রধান করে | (অর্থ ও প্রশাসন)<br>৩। উপ-পরিচালক (প্রশাসন)<br>৪। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ)<br>৫। সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| | | কমিটি পুনঃগঠন করা হয়েছে। কমিটি কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | |
| ৩ | **কর্মকর্তা/কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্তঃ**<br>গত ০২/০৫/২০২৪ তারিখে ৫৬.০৪.০০০০.০০৮.৩২.০০১.২৩.৩৮৪ নং স্মারকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের বিভিন্ন পদের (৬ষ্ঠ থেকে ১০তম গ্রেড) কর্মকর্তাদের জ্যেষ্ঠতা নির্ধারণের নিমিত্ত গঠিত কমিটিকে খসড়া তালিকা প্রস্তুত করে দাখিল করতে বলা হয়েছিল। পুনরায় গত ০২/০৭/২০২৪ তারিখে ৫৬.০৪.০০০০.০৩৬.০৬.০০৪.১৮.৩১৮ স্মারকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের বিভিন্ন পদের (৬ষ্ঠ থেকে ১০তম গ্রেড) কর্মকর্তাদের স্থায়ীকরন ও জ্যেষ্ঠতা নির্ধারণের নিমিত্ত সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই বাছাই পুর্বক মতামত/ সুপারিশ প্রদানের জন্য আইসিটি বিভাগ কর্তৃক আরও একটি কমিটি গঠন করা হয়। তখন অধিদপ্তরের ৬ষ্ঠ ও ৯ম গ্রেডের বিভিন্ন পদের (ME, NE, P, DA, WA এবং, AD, AP, ANE) প্রায় ৬০০ কর্মকর্তার মধ্যে ফিডার পদ এবং তালিকা ও তথ্যাদি প্রস্তুত সাপেক্ষে বিভিন্ন পদের কর্মকর্তাদের ভিন্ন ভিন্ন তালিকা পর্যায়ক্রমে প্রস্তুত করে জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নের প্রস্তাব নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে আইসিটি বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা হয়েছিল।<br><br>গত সভায় অধিদপ্তরের সকল পদের বিধি মোতাবেক জ্যেষ্ঠতা ও পদোন্নতির বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। অর্গানোগ্রাম, নিয়োগবিধি এবং জ্যেষ্ঠতা সংক্রান্ত কাজ চলমান বলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জানান।<br><br>অধিদপ্তরের ১৩-১৬ তম গ্রেডের কর্মচারীদের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নের নিমিত্ত বিসিসি'র সমাপ্ত প্রকল্পে নিয়োগ সংক্রান্ত তথ্য চেয়ে অনুরোধ পত্র গত ৩১/০৭/২০২৫ তারিখে ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৩২.০০০১.২৩.১৮০৯ স্মারক মোতাবেক বিসিসিতে পত্র প্রেরণ করা হয় এবং চাহিত তথ্য বিসিসি থেকে অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। গত ০৩/০৯/২০২৫ তারিখে ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৩২.০০০১.২৩.১৯১০ স্মারক মোতাবেক পরবর্তী ২য় সভা অনুষ্ঠিত হয়। মিজ মাসুদা আক্তার (উপসচিব), পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কে প্রধান করে গত ১৮/১১/২০২৫ খ্রি. তারিখে ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৯৯.০০০১.২০.১ স্মারকমূলে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নের কমিটি পুনঃগঠন করা হয়। অধিদপ্তরের ১৩-১৬ তম গ্রেডের কর্মচারীদের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নের নিমিত্ত গত ০৮/০১/২০২৬ তারিখে ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৩২.০০০১.২৩.২৮ স্মারক মোতাবেক পরবর্তী ৩য় সভা অনুষ্ঠিত হয়। এ সংক্রান্ত পরবর্তী ৪র্থ সভা আগামী ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে আহবান করা হয়েছে। | অধিদপ্তরে ৬ষ্ঠ ও ৯ম গ্রেডের বিভিন্ন পদের (ME, NE, P, DA, WA এবং, AD, AP, ANE) প্রায় ৬০০ কর্মকর্তার মধ্যে ফিডার পদ এবং তালিকা ও তথ্যাদি প্রস্তুত সাপেক্ষে বিভিন্ন পদের কর্মকর্তাদের ভিন্ন ভিন্ন তালিকা পর্যায়ক্রমে প্রস্তুত করে জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নের প্রস্তাব নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে এবং মামলার বিষয়টি বর্ণিত কমিটিকে অবহিত করা যেতে পারে।<br><br>অধিদপ্তরের ১৩-১৬ তম গ্রেডের কর্মচারীদের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>৩। উপ-পরিচালক (প্রশাসন)<br>৪। সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| | | নিমিত্ত ইতোমধ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে হবে। কমিটি কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | |
| ৪ | **অধিদপ্তরের বিভিন্ন শূন্য পদে নিয়োগঃ**<br>১। জেলা ও উপজেলা কার্যালয়ের রাজস্বখাতে সৃজিত অফিস সহায়ক (৪৯৭ টি) পদে নিয়োগের নিমিত্ত গত ১৪/০৮/২০২৫ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি স্বাক্ষরিত হয় এবং অত্র অধিদপ্তর, আইসিটি বিভাগ ও টেলিটকের জব পোর্টালে প্রকাশিত হয়। এছাড়াও গত ১৭/০৮/২০২৫ তারিখে দৈনিক বাংলাদেশ প্রতিদিন (বাংলা) ও The Daily financial Express (ইংরেজি) এ প্রকাশিত হয়। ১৫/১১/২০২৫ তারিখে অফিস সহায়ক পদের লিখিত পরীক্ষা সম্পন্ন হয় এবং **০৫/০১/২০২৬ তারিখে উক্ত পদের চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়।**<br>২। গত ১৯/০১/২০২৬ তারিখে উক্ত পদের নিয়োগপত্র স্বাক্ষরিত হয় এবং এবং অত্র অধিদপ্তর, আইসিটি বিভাগের পোর্টালে প্রকাশ করা হয় এবং ডাকযোগে প্রার্থীগণের নিকট নিয়োগপত্র প্রেরণ করা হয়। এছাড়াও টেলিটকের মাধ্যমে চূড়ান্তভাবে সুপারিশকৃত প্রার্থীগণকে ক্ষুদেবার্তা প্রেরণ করা হয় এবং মুঠোফোনের মাধ্যমে চূড়ান্তভাবে সুপারিশকৃত সকল প্রার্থীকে অবহিত করা হয়।<br>৩। জেলা ও উপজেলা কার্যালয়ের রাজস্বখাতে সৃজিত অফিস সহায়ক (৪৯৭ টি) পদে যোগদানের নিমিত্ত আগামী ০৩/০২/২০২৬ তারিখ অত্র কার্যালয়ে উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়েছে। | নিয়োগ সংক্রান্ত কার্যক্রম অতিদ্রুত সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>২। উপ-পরিচালক (প্রশাসন)<br>৩। সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |
| ৫ | **মামলা পরিচালনাঃ**<br>• তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে আউটসোর্সিং ভিত্তিতে কর্মরত অফিস সহায়কগণ (১৫ জন) (ড্রাইভার-০৬ জন; অফিস সহায়ক- ৮ জন, কম্পিউটার অপারেটর- ০১ জন) রাজস্বখাতে স্থানান্তরের জন্য রিট পিটিশন নং-৫৬৯০/২০১৯ দায়ের করেন। আউটসোর্সিং প্রক্রিয়ায় Contingent staff হিসেবে ২০১৩-২০১৬ মেয়াদে "No Work No Pay" স্কিমের আওতায় নিয়োগপ্রাপ্ত অফিস সহায়ক কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং- ৫৬৯০/২০১৯ এ পিটিশনারদের কেন তাদের স্ব স্ব পদে কিংবা সমমানের পদে রাজস্ব খাতে নিয়মিতকরণ/ আত্মীকরণ/ নিয়োগের নির্দেশ দেয়া হবে না সেই মর্মে মাহামান্য হাইকোর্ট ডিভিশন রুলনিশি জারী করেছিল। উক্ত রিট পিটিশনের চূড়ান্ত শুনানী শেষে ১৫/০৫/২০২৩ তারিখে প্রদত্ত রায়ের মাধ্যমে মহামান্য হাইকোর্ট ডিভিশন উক্ত রুলনিশি Absolute না করে অর্থাৎ পিটিশনারদের স্ব স্ব পদে কিংবা সমমানের পদে রাজস্ব খাতে নিয়মিতকরণ/ আত্মীকরণ/ নিয়োগের চূড়ান্ত কোন আদেশ না দিয়ে কতিপয় নির্দেশনাসহ রুলটি নিষ্পত্তি করেন। পরবর্তিতে উক্ত রায় ও আদেশের বিরুদ্ধে পিটিশনার পক্ষ মহামান্য আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং- ১৪২৮/২০২৪ দায়ের করেছে। উক্ত মামলার রেসপন্ডেন্ট পক্ষ হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের পক্ষে ওকালতনামা দাখিলপূর্বক আইনগত পদক্ষেপ নেয়া অতীব জরুরি। অন্যথায় মামলাটি একতরফা নিষ্পত্তি হবে।<br>• তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের দৈনিক হাজিরার ভিত্তিতে কর্মরত কর্মচারীগণ তাদেরকে রাজস্ব খাতে আত্তীকরণের জন্য গত ১০/০৬/২০২৪ইং তারিখে ৭৩৯২/২০২৪ রিটটি দায়ের করেন। এটি একটি নতুন মামলা। উক্ত মামলার নোটিশের কপি পাওয়া গেছে। মামলার যাবতীয় রেকর্ড মহামান্য আদালত থেকে উত্তোলনপূর্বক তা পর্যালোচনা করে পরবর্তী আইনগত পদক্ষেপ গ্রহন করা হবে।<br>• তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় বেসিক আইসিটি স্কিল ট্রান্সফার আপটু উপজেলা লেভেল প্রকল্প এবং এবং ডেভেলপমেন্ট অব ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট (বাংলা গভঃনেট) প্রকল্প থেকে আত্তীকরণকৃত প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামারগণ গত ২২/০৪/২০২৪ তারিখে প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত কর্মকর্তাদের প্রকল্প সমাপ্তির পরদিন থেকে অথবা রাজস্বখাতে যোগদানের তারিখ থেকে নিয়মিতকরণের আদেশ প্রদানের জন্য প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এ মামলা নং-১৫২/২০২৪ দায়ের করেন। গত ১৮/১২/২০২৪ তারিখ মামলার SF (Statement of Facts) বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এ দাখিল করা হয়েছে। গত ১২/০১/২০২৫ তারিখ এবং ১৮/০৩/২০২৫ তারিখ মামলাটির শুনানি অনুষ্ঠিত হয়েছে। ২০১৯ সালে নিয়োগপ্রাপ্ত সহকারী প্রোগ্রামারগণ এই মামলায় অন্তর্ভুক্ত হয়েছেন এবং তারা সময় চেয়েছেন।<br>• তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তররে রাজস্বখাতে স্থানান্তরিত সমাপ্ত "ডেভেলপমেন্ট অব ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর বাংলাদশ গভর্নমেন্ট (বাংলা গভঃনেট) এবং বেসিক আইসিটি স্কিল | ১। অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। সহকারী প্রোগ্রামার (সেবা) - ফোকাল পয়েন্ট |

ট্রান্সফার আপটু উপজেলা লেভেল" প্রকল্পের সহকারী প্রোগ্রামারগণ প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত কর্মকর্তাদের প্রকল্প সমাপ্তির পরদিন থেকে অথবা রাজস্বখাতে যোগদানের তারিখ থেকে নিয়মিত করণের অদেশ প্রদানের জন্য প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এ মামলা নং-১৬১/২০২৪ দায়ের করেন। গত ১৮/১২/২০২৪ তারিখ মামলার SF (Statement of Facts) বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এ দাখিল করা হয়েছে। গত ১২/০১/২০২৫ তারিখ এবং ১৮/০৩/২০২৫ তারিখ মামলাটির শুনানি অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী শুনানির তারিখ ১৮/০৩/২০২৫। ২০১৯ সালে নিয়োগপ্রাপ্ত সহকারী প্রোগ্রামারগণ এই মামলায় অন্তর্ভুক্ত হয়েছেন এবং তারা সময় চেয়েছেন।

- সাবেক সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব মোঃ আবু তৈয়ব বিসিসি নিয়ন্ত্রণাধীন সমাপ্ত প্রকল্প বাংলা গভঃনেট প্রকল্পে সিনিয়র সিস্টেম এনালিস্ট (৪র্থ গ্রেড) হিসেবে কর্মরত ছিলেন। প্রকল্পের মেয়াদ শেষে তাকে একই পদে (সিনিয়র সিস্টেম এনালিস্ট) আইসিটি অধিদপ্তরে নিয়োগের দাবীতে তিনি ১৪/০৩/১৯ তারিখে রিট পিটিশন নং-১৯১০/২০১৯ দায়ের করেন। উক্ত মামলাটি শুনানির জন্য কার্যতালিকায় ছিল। মহামান্য হাইকোর্ট ডিভিশনের সংশ্লিষ্ট বেঞ্চ ভেঙ্গো যাওয়ায় নতুন একটি কোর্টে শুনানির জন্য আছে। মহামান্য হাইকোর্ট ডিভিশনের accommodation অনুযায়ী মামলাটি শুনানির মাধ্যমে নিষ্পত্তি করার জন্য যথাযথ প্রস্তুতি গ্রহন করা হয়েছে। তবে রিট মামলা শুনানির জন্য মহামান্য হাইকোর্ট ডিভিশনের বেঞ্চ গুলোতে মামলার আধিক্য থাকায় শুনানী ও নিষ্পত্তি হতে সময় লাগবে।

- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের টেন্ডার সংশ্লিষ্ট মামলা নং ৩০১/২০২৪ গত ২২/০১/২০২৫ তারিখে দায়ের করেন Mr. Saiful Islam Siddique, Managing Director, ICC communication Ltd. এটি একটি নতুন মামলা, ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প পরিচালক কে আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য পত্র প্রেরণ করা হয়।

- মো: নজরুল ইসলাম, কম্পিউটার অপারেটর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কম্পিউটার পারসোনাল নিয়োগ বিধিমালা ২০১৯ এর এসআর ও সংক্রান্ত মামলা নং- ৭০৬১/২০২৫ দায়ের করেন। এটি একটি নতুন মামলা এবং ঐ দপ্তরের পক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক নিয়োগকৃত আইনজীবী এর নিকট প্রেরণ করা হয়েছে।
- সোহেল রানা গত ০৮/০৭/২০২৫ তারিখে রিট পিটিশন নং ১১৮০৯/২০২৫ দায়ের করেন। আইনজীবী এর নিকট প্রেরণ করা হয়। এটি একটি নতুন মামলা এবং ঐ দপ্তরের পক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক নিয়োগকৃত আইনজীবী এর নিকট প্রেরণ করা হয়েছে।

<table>
<tr>
<td>৬</td>
<td>প্রতিবেদন/রিপোর্ট প্রেরণঃ<br>প্রকল্প দপ্তরসহ সকল শাখা-অধিশাখা হতে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক প্রতিবেদন, জাতীয় সংসদে প্রকল্প সংশ্লিষ্টসহ অন্যান্য চাহিত প্রশ্নোত্তর সমূহ এবং আইসিটি বিভাগের চাহিদা মোতাবেক বিভিন্ন তথ্যাদি নিয়মিতভাবে প্রেরণ করা হচ্ছে।</td>
<td>মাসিক প্রতিবেদন/রিপোর্ট প্রতি মাসের নির্ধারিত সময়ের মধ্যে নিকস ফন্ট ব্যবহার করে সতর্কতার সহিত ও নির্ভুলভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>সংশ্লিষ্ট ডেস্ক অফিসার ও শাখা প্রধানের স্বাক্ষরে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট তথ্য প্রেরণ করতে হবে।</td>
<td>১। শাখা প্রধানগণ<br>২। জনাব মোঃ আশিক আকবর, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার (প্রশাসন)</td>
</tr>
<tr>
<td>৭</td>
<td>ডি-নথি কার্যক্রম:<br>ডিসেম্বর /২০২৫ মাসের ডি-নথি কার্যক্রমে নিম্নরূপ তথ্য সভায় উপস্থাপন করা হয়ঃ
<table>
<tr><th rowspan="2">তৈরিকৃত নথির সংখ্যা</th><th colspan="4">মোট নথি নিষ্পত্তিকৃত</th><th rowspan="2">মোট পত্রজারি</th></tr>
<tr><th>ডাক নোটে নিষ্পত্তি (ক)</th><th>নোটে নিষ্পত্তি (খ)</th><th>পত্রজারিতে নিষ্পন্ন (গ)</th><th>মোট (ক+খ+গ)</th></tr>
<tr><td>১</td><td>৫</td><td>১৮</td><td>১৪৭</td><td>১৭০</td><td>১৯২</td></tr>
</table>
ডি-নথি সিস্টেমে Cyber Attack রোধকল্পে বিসিসি কর্তৃক আইসিটি অধিদপ্তরকে গত ১৯/০৩/২৪ খ্রি. তারিখে ১০০০টি ই-সাইনের মিনি বান্ডেল প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২০০ টি ই-সাইন নিয়মিতভাবে ব্যবহার করা হচ্ছে।</td>
<td>১। সকল পত্র ডি-নথিতে উপস্থাপন নিশ্চিত করতে হবে।<br><br>২। কর্মকর্তাদের নাম তাদের পদের গ্রেড অনুযায়ী বিন্যস্ত করতে হবে।<br>৩। ডি-নথির পত্র জারিতে মোবাইলের মাধ্যমে ই-সাইন ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে হবে।</td>
<td>১। শাখা-অধিশাখা প্রধানগণ<br>২। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ)<br>৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন)</td>
</tr>
<tr>
<td>৮</td>
<td colspan="2">পরিদর্শনঃ<br>ডিসেম্বর /২০২৫ মাসের পরিদর্শনের তথ্য নিম্নরূপ:
<table>
<tr><th>ক্রমঃ</th><th>কর্মকর্তার নাম ও পদবি</th><th>পরিদর্শনকৃত শাখা</th><th>পরিদর্শনকৃত কার্যালয়/ প্রতিষ্ঠানের নাম</th><th>প্রতিবেদন প্রেরণ (হ্যাঁ/না)</th></tr>
</table></td>
<td>১। উপ-পরিচালক ও তদুর্ধ্ব কর্মকর্তাগণ<br>২। জেলা কার্যালয় (সকল জেলা)<br>৩। উপজেলা</td>
</tr>
</table>

কার্যালয়,
(সকল উপজেলা)
৪। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন)

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আবু সাঈদ (অতিরিক্ত সচিব)<br>মহাপরিচালক | - | | |
| ২। | জনাব এ এস এম লোকমান (উপসচিব)<br>অতিরিক্ত মহাপরিচালক | - | | |
| ৩। | জনাব মোহাঃ মাসুম বিল্লাহ<br>সিস্টেমস ম্যানেজার | - | - | |
| ৪। | জনাব মো. মাহ্বুব আলম (উপসচিব)<br>পরিচালক (অর্থ এবং প্রশাসন) | | ১। জেলা কার্যালয় এবং উপজেলা কার্যালয়, গৌরনদী, বরিশাল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।<br>২। বরিশাল জেলার গৌরনদী উপজেলায় ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিতব্য 'উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' ।<br>৩। জেলা কার্যালয়, ঝালকাঠি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। | হ্যাঁ |
| ৫। | মিজ মাসুদা আক্তার (উপসচিব) ,পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | - | | |
| ৬। | **জনাব মোঃ আরিফুর রহমান, উপপরিচালক (প্রশাসন)** | - | | |

**ডিসেম্বর-২০২৫ মাসের জেলা/উপজেলা কার্যালয়ের পরিদর্শন:**

| **বিভাগ** | **মোট** পরিদর্শন | | **মোট (বিভাগ ভিত্তিক)** |
|---|---|---|---|
| | **আইসিটিডি ডিজিটাল ল্যাব** | **আইসিটিডি স্কুল অব ফিউচার** | |
| খুলনা | ৬৪ | ৩ | ৬৭ |
| চট্টগ্রাম | ২৬ | ১ | ২৭ |
| ঢাকা | ৩৪ | ২ | ৩৬ |
| বরিশাল | ২০ | ০ | ২০ |
| ময়মনসিংহ | ১৩ | ১ | ১৪ |
| রংপুর | ১৯ | ১ | ২০ |
| রাজশাহী | ২৬ | ৩ | ২৯ |
| সিলেট | ৬ | ০ | ৬ |
| | **২০৮** | **১১** | **২১৯** |

**আলোচনা ও সিদ্ধান্তঃ**

ক)শাখা প্রধানগণকে প্রতি মাসে ১টি এবং পরিচালকগণকে প্রতি ৩ মাসে অধীনস্থ ন্যূনতম ২ টি শাখা/অধিশাখা পরিদর্শন করতে হবে।

খ) প্রতি মাসে শাখা প্রধান/পরিচালকগণকে ন্যূনতম ২টি করে ফিল্ড ভিজিট করতে হবে এবং প্রধান কার্যালয়ের অন্যান্য

<table>
<tr>
<td></td>
<td>কর্মকর্তাগণও প্রকল্পসহ জেলা ও উপজেলা কার্যালয় নিয়মিত পরিদর্শন করবেন।<br>গ) জেলা কার্যালয়ের কর্মকর্তাগণ প্রতিমাসে ন্যূনতম ২টি উপজেলা কার্যালয় ও ৪টি ICTD ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন এবং উপজেলা কার্যালয়ে কর্মকর্তা প্রতি মাসে ন্যূনতম ৫টি ICTD ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন।<br>ঘ) পরিদর্শনে গমনের পূর্বে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করতে হবে এবং পরিদর্শন গাইডলাইন/ছক অনুসরণ করে পরিদর্শন পরবর্তী ৩ দিনের মধ্যে আবশ্যিকভাবে পরিদর্শনের স্থির চিত্র, সুপারিশ ও মতামতসহ প্রতিবেদন (soms.gov.bd) প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>ঙ) পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত তদারকি করতে হবে।<br>চ) পরিদর্শনের প্রমাপ দ্রুত নির্ধারণ করতে হবে।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>৯</td>
<td>দিবস উদযাপনঃ<br>২০২৫-২৬ অর্থবছরে নিম্নে-০৯(নয়)টি ইভেন্টের প্রস্তাব আইসিটি বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>গত ১২/০৮/২০২৫ তারিখে আইসিটি বিভাগের সভার সিদ্ধান্ত অনুযায়ী উপর্যুক্ত ইভেন্টসমূহের ব্যয় বিভাজন এবং ব্যাখ্যা গত ২৪/০৮/২০২৫ তারিখে আইসিটি বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>গত ২৩/০৯/২০২৫ তারিখে GITEX GLOBAL DUBAI 2025 এর বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গিয়েছে। এ বিষয়ে পরবর্তী কার্যক্রম চলমান।
<table>
<tr><th>ক্রম</th><th>বিষয়</th><th>টাকার পরিমাণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১।</td><td>GITEX Global Dubai 2025</td><td>---</td><td>সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে</td></tr>
<tr><td>২।</td><td>২৭ তম আন্তর্জাতিক রোবট অলিম্পিয়াড ২০২৫</td><td>---</td><td>সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে</td></tr>
<tr><td>৩।</td><td>Robo Boat 2026</td><td>সম্মতি পাওয়া গিয়েছে</td><td>গত ২৬/০১/২০২৬ তারিখে আইসিটি বিভাগে দল গঠনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।</td></tr>
<tr><td>৪।</td><td>Take of Istanbul 2025</td><td>---</td><td>সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে</td></tr>
<tr><td>৫।</td><td>বিপিও সামিট বাংলাদেশ ২০২৬</td><td>সম্মতি পাওয়া যায়নি</td><td>---</td></tr>
<tr><td>৬।</td><td>টেক কার্নিভাল ২০২৫</td><td>সম্মতি পাওয়া যায়নি</td><td>---</td></tr>
<tr><td>৭।</td><td>তারুণ্যের উৎসব ২০২৬</td><td>সম্মতি পাওয়া গিয়েছে</td><td>ডিসেম্বর ২০২৫ এর মধ্যে সম্পন্ন করতে হবে।</td></tr>
<tr><td>৮।</td><td>NATIONAL GIRLS PROGRAMMING CONTEST 2025</td><td>সম্মতি পাওয়া যায়নি</td><td>---</td></tr>
<tr><td>৯।</td><td>কেন্দ্রীয় ও জেলা পর্যায়ে প্রোগ্রামিং প্রতিযোগিতা আয়োজন</td><td>সম্মতি পাওয়া যায়নি</td><td>---</td></tr>
</table>
</td>
<td>সম্মতিপ্রাপ্ত ইভেন্টসমূহ যথাসময়ে যথাযথভাব ে সম্পন্ন করতে হবে।</td>
<td>১। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>২। উপ-পরিচালক (প্রশাসন)<br>৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন)</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১০</td>
<td>প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের মোটর সাইকেল তথ্য হালনাগাদকরণ :<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তাগণের বরাদ্দকৃত মোটরসাইকেলের বর্তমান অবস্থা ও প্রাধিকার এবং এ বাহন সংক্রান্তে বিদ্যমান জটিলতা নিরসনের লক্ষ্যে কমিটির সভা গত ১৮/১২/২০১৫ তারিখ -এ অনুষ্ঠিত হয়।<br>উক্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১) ২০১৬-১৭ এবং, ২০১৯-২০ অর্থবছরের বাজেট ছকঃ
<table>
<tr><td>ক্রমিক নং</td><td>মোটর সাইকেল ক্রয় বাবদ অর্থ প্রদানের সাল</td><td>কতটি উপজেলায় বরাদ্দ প্রদান</td><td>মোটর সাইকেল প্রতি বরাদ্দের পরিমান</td><td>মোটর সাইকেল ক্রয় বাবদ প্রদেয় অর্থের পরিমান</td></tr>
<tr><td>০১</td><td>২৪/০৪/২০১৬ খ্রি</td><td>১৮০ টি</td><td>১৮০,০০০/-</td><td>৩,২৪০,০০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>০৪/০৫/২০১৭ খ্রি.</td><td>০৬ টি</td><td>১৮০,০০০/-</td><td>১৮০,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>১৯/০৫/২০১৯ খ্রি.</td><td>০১</td><td>১৮০,০০০/-</td><td>১৮০,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>১৯/০৫/২০২০ খ্রি.</td><td>২৫৩ টি</td><td>১৪০,০০০/-</td><td>৩,৫৪,২০,০০০/-</td></tr>
<tr><td></td><td></td><td>মোট =৪৪০ টি</td><td></td><td></td></tr>
</table>
২) ছকের তালিকা মেইন্টেইন করবে সেবা শাখা এবং স্টোর। দায়িত্বপ্রাপ্ত সেবা শাখার কর্মকর্তা ও স্টোরের কর্মচারী এই তালিকা মেইন্টেইন ও আপডেট করবে নিয়মিত। পরবর্তীতে কোনো বাইকের অবস্থা বা স্থান পরিবর্তন হলে অবশ্যই অধিদপ্তরকে অবহিত করতে হবে। মহাপরিচালক মহোদয়ের সম্মতিক্রমে সেবা শাখা/স্টোর এটা সবসময় আপডেট রাখবে।</td>
<td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তাদের মোটরসাইকেলগুলো চিহ্নিতকরণ, বর্তমান অবস্থান কোথায়, নষ্ট মোটরসাইকেলগুলো মেরামত যোগ্য কিনা এবং মেরামত পরবর্তীতে সেগুলির প্রকৃত চাহিদার ভিত্তিতে বণ্টন সংক্রান্তে গঠিত কমিটিকে একটি রিপোর্ট প্রদান করতে হবে।</td>
<td>১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। সহকারী প্রোগ্রামার (সেবা)</td>
</tr>
</table>

**২। অর্থ শাখা:**

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

<table>
<tr>
<td>১</td>
<td>বাজেট প্রণয়ন, বিভাজন, বরাদ্দ  ও বাস্তবায়ন অগ্রগতিঃ<br><br>প্রধান কার্যালয়, জেলা কার্যালয় এবং উপজেলা কার্যালয়ের প্রতিটি কোয়ার্টারে ব্যয় এবং ব্যয়ের লক্ষ্যমাত্রা:<br><br>
<table>
<tr><th>ক্র.নং</th><th>কার্যালয়ের নাম</th><th>সর্বমোট বরাদ্দ (হাজার টাকায়)</th><th>প্রথম কোয়াটার লক্ষ্যমাত্রা ও ব্যয় (হাজার টাকায়)</th><th>দ্বিতীয় কোয়াটারে লক্ষ্যমাত্রা ও ব্যয় (হাজার টাকায়)</th><th>তৃতীয় কোয়াটারে লক্ষ্যমাত্রা ও ব্যয় (হাজার টাকায়)</th><th>চতুর্থ কোয়াটারে লক্ষ্যমাত্রা ও ব্যয় (হাজার টাকায়)</th><th>সমন্বিত শতকরা (মোট বরাদ্দ/মোট ব্যয়*১০০)</th></tr>
<tr><td rowspan="2">১</td><td rowspan="2">প্রধান কার্যালয়</td><td rowspan="2">১২৭৭৯২০</td><td>২২৯১৬০</td><td>৫৭৯৪১০</td><td>৩১৪৮০০</td><td>২৯৩৭২০</td><td rowspan="2">৬৩.১২%</td></tr>
<tr><td>২২৭৫৪০</td><td>৪১৭৫০০</td><td>৫৬৬৯৪</td><td>০</td></tr>
<tr><td rowspan="2">২</td><td rowspan="2">জেলা কার্যালয়</td><td rowspan="2">১৬৮৪২০০</td><td>৪০৯৪০০</td><td>৪৬৭৮০০</td><td>৩৯৭৫৭০</td><td>৪০৯৪৩০</td><td rowspan="2">৬০.১৫ %</td></tr>
<tr><td>৪০৯২৮০</td><td>৩২৬০৯০</td><td>৪২৭৮৭</td><td>০</td></tr>
<tr><td rowspan="2">৩</td><td rowspan="2">উপজেলা কার্যালয়</td><td rowspan="2">৫২৩১৮৮০</td><td>১১৯৮৫৮০</td><td>১৬০৫২৫০</td><td>১৩৮৮৭১০</td><td>১০৩৯৩৪০</td><td rowspan="2">৬১.৮৩ %</td></tr>
<tr><td>১১৭৮১৩০</td><td>১২৯০৮৩০</td><td>৯৪৩১১</td><td>০</td></tr>
<tr><td colspan="2" rowspan="2">সর্বমোট</td><td rowspan="2">৮১৯৪০০০</td><td>১৮৩৭১৪০</td><td>২৬৫২৪৬০</td><td>২১০১০৮০</td><td>১৭৪২৪৯০</td><td rowspan="2">৬১.৫৭%</td></tr>
<tr><td>১৮১৪৯৫০</td><td>২০৩৪৪২০</td><td>১৯৩৭৯২</td><td>০</td></tr>
</table>
</td>
<td>১। বাজেট বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত মনিটরিং করতে হবে।</td>
<td>১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>৩। উপ-পরিচালক (অর্থ)<br>৪। সহকারী প্রোগ্রামার, অর্থ শাখা।<br>৫। সহকারী পরিচালক, অর্থ শাখা।</td>
</tr>
<tr>
<td>২</td>
<td>গাড়ি ও মোটরসাইকেল ক্রয়:<br><br>১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যবহারের জন্য ০১ (এক) টি মিতসুবিশি ASX জীপ (মডেল: GA২WXTSHZR)] ব্রান্ডের গাড়ির ক্রয়ের লক্ষ্য স্পেকসিফিকেশন ও মূল্য (রেজিস্ট্রেশন, ভ্যাট, ট্যাক্স ও আনুষঙ্গিক খরচসহ) উল্লেখপূর্বক পতপত্র ২৪/১২/২০২৫ তারিখে ব্যবস্থাপনা পরিচালক, প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড কে প্রেরণ করা হয়েছে।<br><br>২। জেলা কার্যালয়ের গাড়ী ভাড়া/আউটসোর্সের জন্য যানবাহন ভাড়া (চুক্তিভিত্তিক) নামে নতুন ইকোনমিক কোড সৃজনের জন্য প্রস্তাব আইসিটি বিভাগের মাধ্যমে অর্থবিভাগে প্রেরণ করা হয়েছে এবং প্রতিমাসে ১ লক্ষ টাকা হারে মোট ৭ কোটি ৬৮ লক্ষ টাকা ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে বরাদ্দ রাখা হয়েছে।<br><br>৩। মোটরসাইকেল ক্রয়ের জন্য মোটরসাইকেলের সংখ্যা ও ব্যবহার নিরুপনের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সদস্য সচিব হিসেবে সহকারী প্রোগ্রামার (সেবা) দায়িত্ব পালন করছেন। উপজেলা কার্যালয়ের মোটর সাইকেল ক্রয়ের জন্য মোটরযান নামে নতুন ইকোনমিক কোড সৃজনের জন্য প্রস্তাব আইসিটি বিভাগের মাধ্যমে অর্থবিভাগে প্রেরণ করা হয়েছে  এবং প্রতিটি মোটরসাইকেল ক্রয় বাবদ ১ লক্ষ ৪০ হাজার টাকা হারে ৫৪টি মোটর সাইকেল ক্রয়বাবদ  মোট ৭৫ লক্ষ  ৬০ হাজার টাকা ২০২৬-২৭ বছরের বাজেটে বরাদ্দ রাখা হয়েছে।</td>
<td>আইসিটি বিভাগ ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। গঠিত কমিটি দ্রুত প্রতিবেদন প্রেরণ করবেন।</td>
<td>১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>৩। উপ-পরিচালক (অর্থ)<br>৪। জনাব প্রকৌশলী মোছা: উম্মে মারজিয়া, প্রোগ্রামার (প্রশাসন)<br>৫। সহকারী পরিচালক, অর্থ শাখা।<br>৬। সহকারী প্রোগ্রামার (সেবা)</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৩ | **অডিট আপত্তি :**<br>২০২৪-২৫ বছর পর্যন্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সর্বমোট অনিষ্পন্ন আপত্তি=৮৮টি (SFI অনুচ্ছেদ=৩৫ টি এবং Non SFI=৫৩ টি)<br>জড়িত অর্থ (লক্ষ টাকায়)= ৯২০০৮.২৮ টাকা।<br>২০২৩-২৪ অর্থ বছরের শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) এর ০৫ টি SFI জবাব প্রস্তুত পূর্বক সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।<br>উল্লেখ্য যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নিয়ন্ত্রণাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের কমপ্লায়েন্স নিরীক্ষা প্রতিবেদনর গুরুতর আর্থিক অনিয়ম (SFI) অনুচ্ছেদ ০১ হতে ১৪ এবং Non-SFI অনুচ্ছেদ ১৫ হতে ৩৯ এর ব্রডশিট জবাব প্রমাণকসহ প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে । তপ্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরেরর অর্থ শাখার গত ০৭ এপ্রিল ২০২৫ তারিখের ৫৬.০৪.০০০০.০০০.০১০.০১.০০০১.২৫.১৫ নং স্মারক এর মাধ্যমে আইসিটি অধিদপ্তরের প্রকল্পসহ বিভিন্ন শাখায় (প্রশাসন, সেবা, পরিকল্পনা ও উন্নয়ন, অর্থ এবং সিস্টেম ও প্রশিক্ষণ) শাখায় ব্রডশিট জবাব প্রস্তুত পূর্বক অর্থ শাখায় প্রেরণের জন্য ১ম অনুরোধ পত্র প্রেরণ করা হয়। কোন প্রকার জবাব না পাওয়া গেলে অর্থ শাখার গত ২২ অক্টোবর ২০২৫ তারিখের ৫৬.০৪.০০০০.০০০.০১০.০১.০০০১.২৫.১৫ নং স্মারক এর মাধ্যমে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণের জন্য আইসিটি অধিদপ্তরের প্রকল্পসহ বিভিন্ন শাখায় (প্রশাসন, সেবা, পরিকল্পনা ও উন্নয়ন, অর্থ এবং সিস্টেম ও প্রশিক্ষণ) শাখায় পত্র প্রেরণ করা হয় । কিন্তু অদ্যবধি পর্যন্ত কোন শাখা হতে জবাব পাওয়া যায়নি।<br>২০২৩-২৪ অর্থ বছরেরর পূর্বর অনিষ্পন্ন আপত্তি সমূহ নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপক্ষীয় এবং তৃপক্ষীয় সভার আহ্বানের কার্যক্রম পক্রিয়া চলমান রয়েছে। | ১। আপত্তিসমূহ নিষ্পন্নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপ-পরিচালক (অর্থ)<br>২। সহকারী প্রোগ্রামার (অর্থ)<br>৩। হিসাব রক্ষক (অর্থ) |

**৩। সিস্টেম ও প্রশিক্ষণ শাখা**

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১।</td><td>বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/দপ্তরকে সফটওয়্যার সিস্টেম তৈরি/উন্নয়নে সহায়তাসহ আইসিটি সম্পর্কিত কারিগরি সহায়তা প্রদানের নিম্নরূপ কার্যক্রম চলমান রয়েছে:
<table>
<tr><th>মন্ত্রণালয়/সংস্থার নাম</th><th>চাহিত সহযোগিতা</th><th>অগ্রগতির তথ্য</th></tr>
<tr><td>স্বাস্থ্য অধিদপ্তর বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/দপ্তরকে সফটওয়্যার সিস্টেম তৈরি/উন্নয়নে সহায়তাসহ আইসিটি সম্পর্কিত কারিগরি সহায়তা প্রদানের নিম্নরূপ কার্যক্রম চলমান রয়েছে:</td><td>টিকা প্রদান কার্যক্রাম সফটওয়্যার ব্যবস্থাপনা, তথ্য সংশোধন এবং রক্ষণাবেক্ষণ</td><td>i)সুরক্ষা সিস্টেমটি দীর্ঘমেয়াদি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন ও ব্যবহার নিশ্চিত করণের নিমিত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ও স্বাস্থ্য অধিদপ্তর সমন্বয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বকেয়া বিল বিভাগের মাধ্যমে স্বাস্থ্য বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>ii) DGHS এর সাথে MOU স্বাক্ষরিত হয়েছে।<br>iii) টিকাকার্ড ডাউনলোডের অ্যাপ্লিকেশন লাইভ এ ডেপ্লয় করা হয়েছে। টিকা কার্ড ডাউনলোড করা যাচ্ছে।</td></tr>
</table></td><td>সুরক্ষা সিস্টেমটি চালুকরণে বিসিসি, স্বাস্থ্য অধিদপ্তর এবং আইসিটি বিভাগের সাথে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</td><td>১। সিস্টেমস ম্যানেজার</td></tr>
<tr><td>২।</td><td>CA (সার্টিফাইং অথোরিটি) সংক্রান্তঃ<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আবেদনের প্রেক্ষিতে সিএ কার্যক্রম শুরু করার</td><td>ক) সিএ লাইসেন্স প্রদান প্রক্রিয়া</td><td>১। সিস্টেমস ম্যানেজার</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | জন্য **৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত সময় বৃদ্ধির জন্য সিসিএকে পত্র প্রেরণ করা হয়েছে।** Esatablishing Digital Connectivity এর একটি Scope হিসেবে যুক্ত করা হয়েছে। উক্ত ডিপিপি সংশোধনের প্রক্রিয়া চলমান রয়েছে। | অনুসারে লাইসেন্স ইস্যুর ০৬ (ছয়) মাসের মধ্যে সিএ কার্যক্রম শুরু করতে হবে।<br><br>খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের লাইসেন্স প্রাপ্তির আবেদনের সাথে সংযুক্ত তথ্য, দলিলাদি ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়, সিএ অডিট রিপোর্ট ও পরিদর্শন প্রতিবেদনের পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ এবং সিএ কার্যক্রম বিষয়ে বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে প্রতিপাদন সাপেক্ষে সিএ লাইসেন্স প্রদান সেরিমনি আয়োজন করতে হবে।<br><br>গ) পরবর্তীতে লাইসেন্স মঞ্জুরের শর্তাবলির কোন লঙ্ঘন/ব্যত্যয় পরিলক্ষিত হলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এর ধারা ২৬ এবং তথ্য প্রযুক্তি (সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১০ এর বিধি ১৯ সহ সংশ্লিষ্ট অন্যান্য বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>ঘ) PKI Infrustructure স্থাপনার সম্ভাব্য জায়গা পাওয়া গেলে Pre-Feasibility করতে হবে। | ২। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ) |

| | | | |
|---|---|---|---|
| ৩। | Smart Office Management System (SOMS) এর কার্যক্রম:<br>i. আইসিটি বিভাগ ও আওতাধীন দপ্তর সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের কে ৫ ব্যাচে ১০০ জনকে soms এর উপর প্রশিক্ষণ দেয়া সম্পন্ন হয়েছে।<br>ii. Categorized CV আপলোড করা এবং সে অনুযায়ী রিপোর্ট ডাউনলোডের ইন্টারফেস প্রদান করা হয়েছে।<br>iii. ইন্টারনাল ট্রেনিং ম্যানেজমেন্ট এর ট্রেনিং মডিউলের উন্নয়ন কাজ চলমান<br>iv. পরিদর্শন মডিউলের সকল অফিস পরিদর্শনের উন্নয়ন কাজ চলমান। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রস্তুতকৃত পরিদর্শন প্রতিবেদন সিস্টেমটি ব্যবহার উপযোগী করা হয়েছে এবং ব্যবহৃত হচ্ছে। | ১। সিস্টেমস ম্যানেজার<br>২। মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার |

৪। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহঃ

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **প্রকল্পের নাম: ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পঃ**<br>দরপত্র আহ্বান = ৩২৭টি<br>NOA প্রদান = ৩০৩টি<br>চুক্তি সম্পাদন = ৩০৩টি<br>নির্মাণ কাজ চলমান = ১৮৯টি<br>নির্মাণ কাজ সম্পন্ন = ১০০টি<br>উল্লেখ্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয় গত ২৬/১/২০২৬ তারিখে অনলাইনে যুক্ত হয়ে ১০০টি উপজেলায় নবনির্মিত উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র এর উদ্বোধন করেন। | ক। ৪০১টি উপজেলায় উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। | ১। প্রকল্প পরিচালক<br>২। উপ প্রকল্প পরিচালক |
| ২। | (খ) End User Connectivity :<br>সারাদেশ শিক্ষাপ্রতিষ্ঠানসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ৫৫,০০০টি ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপন করা হয়েছে। এরমধ্যে ৪৯,০০০টি সংযোগ NMS এ অন্তর্ভুক্তকরণ সম্পন্ন হয়েছে। | (খ) ১,০৯,২৪৪টি ইন্টারনেট সংযোগ স্থাপন | ১। প্রকল্প পরিচালক<br>২। উপ প্রকল্প পরিচালক |

| ক্রম. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **প্রকল্পের নাম: শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)**<br>ক) চুক্তি অনুযায়ী অপরিশোধিত অর্থ পরিশোধের কার্যক্রম চলমান রয়েছে।<br>খ) PPR-২০০৮ অনুযায়ী চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।<br>গ) ইতোমধ্যে কাজ সম্পাদনকারী বিভিন্ন ভেন্ডর প্রতিষ্ঠানের জামাকৃত performance security ধাপে ধাপে ফেরতের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>ঘ) প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধি করা হয়েছে। | ক) চুক্তি অনুযায়ী অপরিশোধিত অর্থ পরিশোধের ব্যবস্থা গৃহীত হবে। | ১। প্রকল্প পরিচালক<br>২। উপ প্রকল্প পরিচালক |

সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে তাদের দায়িত্ব যথাবিধি পালন করত এবং প্রত্যেক মাসের ১০ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রশাসন শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণের অনুরোধ জানান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫-০২-২০২৬
মোঃ আবু সাঈদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন : +৮৮ ০২-৪১০২৪০৭২
ফ্যাক্স : +৮৮ ০২-৫৫০০৬৮৮২
ইমেইল : dg@doict.gov.bd

তারিখ: ২২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.০০০০.০০০.০০৮.০৬.০০৩২.১৮.১৩৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালক এর দপ্তর, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)।
২। অতিরিক্ত মহাপরিচালক ও প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)।
৩। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর সদয় অবগতির জন্য)।
৪। আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তাগণ।
৫। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং
৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫-০২-২০২৬
মো: আরিফুর রহমান
উপপরিচালক